দৈনিক সংবাদ

FEB. 08 2002

কোটচাঁদপুর সরকারি কলেজ

# ৪২ জন শিক্ষকের মধ্যে আছেন ২১ জন ॥ লেখাপড়া বিঘ্নিত

কোটচাঁদপুর থেকে সংবাদদাতা ঃ কোটচাঁদপুর খোন্দকার মোশারফ হোসেন সরকারি কলেজ, সমস্যাই যেখানে নিত্যদিনের সঙ্গী। ৪২ জন শিক্ষকের পদ থাকলেও শিক্ষক আছে মাত্র ২১ জন। শিক্ষা কার্যক্রম হচ্ছে মারাত্মক বিঘ্নিত। কলেজ সূত্রে জানা গেছে বিভিন্ন বিভাগে শিক্ষকের পদ আছে মোট ৪২টি। এর মধ্যে দীর্ঘদিন ধরে শূন্য আছে ২১টি। এসব পদ হলো- বাংলা ১ জন, ইংরেজি ২, রাস্ট্রবিজ্ঞান ২, অর্থনীতি ২, ইসলামের ইতিহাস ৩, দর্শন ১, ইতিহাস ১, ইসলামী শিক্ষা ২, হিসাব বিজ্ঞান ২, পদার্থ বিজ্ঞান ২, গণিত ২ ও মৃত্তিকা বিজ্ঞান ১জন। এভাবে দীর্ঘদিন শিক্ষক শূন্য থাকায় প্রতিদিন শিক্ষাদান হচ্ছে মারাত্মক বিঘ্নিত। শিক্ষার্থীরাও পড়েছে মহা বিপাকে। পাঠ্য বিষয়ে ক্লাস করতে না পেরে প্রতিদিন ঘন্টার পর ঘন্টা সময় নষ্ট করে অথবা কমনরুমে কাটিয়ে বাড়ি ফিরতে হয় বলে ছাত্রছাত্রীরা জানিয়েছে। ধনী শ্রেণীর ছেলেমেয়েরা ওই শিক্ষা প্রতিষ্ঠানটি ছেড়ে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে গেলেও গরিব ও মেধাবী ছাত্রছাত্রীরা সে সুযোগ থেকে হচ্ছে বঞ্চিত। কলেজ বাউন্ডারিতে কোন প্রাচীর না থাকায় বখাটে অছাত্র যুবকের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এতে ছাত্রীরা প্রায় সবাই উদ্বেগ আর উৎকণ্ঠার মধ্যে থাকে বলে দ্বিতীয় বর্ষের কয়েকজন ছাত্রী জানিয়েছে। ইতোপূর্বে বহিরাগতদের হাতে ছাত্রী লাঞ্ছিত হওয়ার ঘটনাও ঘটেছে বেশ কয়েকবার। কলেজের মূল ভবন না থাকায় পরীক্ষার সময় পরীক্ষা নিয়ন্ত্রণ করতে নানান সমস্যায় পড়তে হয় বলে অধ্যক্ষ আ. রশিদ মণ্ডল জানিয়েছেন।